# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
www.bb.org.bd

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**

**ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩৫**

**তারিখ:** **১৩ অগ্রহায়ণ ১৪৩১** / **২৮ নভেম্বর ২০২৪**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।**

**প্রিয় মহোদয়,**

<u>জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর ২১ অক্টোবর ২০২৪ তারিখের স্মারক নম্বর-৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.৯১২ এবং মন্ত্রিপরিষদ বিভাগ এর ১৬ অক্টোবর ২০২৪ তারিখের পরিপত্র নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৬০১ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত স্মারক ও পরিপত্রসূত্রে আপনাদেরকে জানানো যাচ্ছে যে, অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ 'ক' শ্রেণিভুক্ত ৭ (সাত) টি এবং 'খ' শ্রেণিভুক্ত ১(এক) টি, মোট ৮ (আট) টি দিবস উদ্‌যাপন/পালন না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

**(গৌতম কুমার ঘোষ)**
পরিচালক (ডিএফআইএম)
ফোন: ৯৫৩০১৭৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন শাখা

www.fid.gov.bd

তারিখ: ৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর**: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.৯১২

**বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন।**
সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র নং ৪১৬.২৩.০০২.১৭.৬০১ তারিখ ১৬ অক্টোবর ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ 'ক' শ্রেণিভুক্ত ৭ (সাত) টি এবং 'খ' শ্রেণিভুক্ত ১ (এক) টি, মোট ৮ (আট) টি দিবস উদ্‌যাপন/পালন না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এতদ্‌সংক্রান্ত পরিপত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অগ্রায়ন করা হলো।

**সংযুক্তিঃ** পরিপত্র ০২ (দুই) পাতা।

২১-১০-২০২৪
সারমিন সুলতানা
উপসচিব
০২-৫৫১০১১৫৮
ds.admin@fid.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।;
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা।;
৩। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বড় মগবাজার, রমনা, ঢাকা।;
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড/কর্মসংস্থান ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/আইসিবি/বিএইচবিএফসি/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী;
৫। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।;
৬। ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ/বিএমডিএফ/এসডিএফ/দি সিকিউরিটি প্রিন্টিং কর্পো. (বাংলাদেশ)/বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন/ইডকল/সাবিনকো, প্রধান কার্যালয়, ঢাকা।;
৭। পরিচালক, বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা। এবং
৮। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা।।

**স্মারক নম্বর**: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.৯১২/১(৬)

তারিখ: ৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
২। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
৩। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
৪। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং
৬। সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

২১-১০-২০২৪
সারমিন সুলতানা
উপসচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিপত্র ০২ (দুই) পাতা

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ১৬ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৬০১

**পরিপত্র**

বিষয়: **জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন।**

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ নিম্নবর্ণিত দিবসসমূহ উদ্‌যাপন/পালন না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

'ক' শ্রেণিভুক্ত দিবসসমূহ:

| ক্রমিক | দিবসের নাম | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ঐতিহাসিক ৭ই মার্চ | ৭ মার্চ | - |
| ২. | জাতির পিতার জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ | - |
| ৩. | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী | ৫ আগস্ট | - |
| ৪. | বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর জন্মবার্ষিকী | ৮ আগস্ট | - |
| ৫. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট | উচ্চ আদালতের চূড়ান্ত আদেশ-সাপেক্ষে দিবসটি উদ্‌যাপন/পালন না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। |
| ৬. | শেখ রাসেল দিবস | ১৮ অক্টোবর | - |
| ৭. | জাতীয় সংবিধান দিবস | ০৪ নভেম্বর | - |

'খ' শ্রেণিভুক্ত দিবসসমূহ:

| ক্রমিক | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | স্মার্ট বাংলাদেশ দিবস | ১২ ডিসেম্বর |

০২। উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-১০-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব
৫৫১০০৯৭১ (ফোন)
৯৫১২২১৩ (ফ্যাক্স)
general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা;
২। সিনিয়র সচিব/সচিব (সকল);
৩। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর;
৪। বিভাগীয় কমিশনার (সকল);
৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ;
৬। জেলা প্রশাসক (সকল) এবং
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৬-১০-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব